

# মূল্য সংযোজন কর আইন, ১৯৯১

## (১৯৯১ সনের ২২ নং আইন)

[অস্থায়ী রাষ্ট্রপতির সম্মতিলাভ ও বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায়  
প্রকাশনার তারিখঃ ১০ইং জুলাই, ১৯৯১/২৫শে আষাঢ়, ১৩৯৮]

পণ্য ও সেবার উপর মূল্য সংযোজন কর আরোপের বিধানকরণকল্পে প্রণীত আইন

যেহেতু মূল্য সংযোজন কর আরোপ করার উদ্দেশ্যে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল;

১। সংক্ষিপ্ত শিরনামা <sup>১</sup>[\*\*] ও প্রবর্তন।— (১) এই আইন মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

- (ক) ধারা ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২ এবং ৭২ ২রা জুন, ১৯৯১ ইং মোতাবেক ১৮ই জ্যৈষ্ঠ, ১৩৯৮বাং তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ;
- (খ) উপরে উল্লিখিত ধারাসমূহ ব্যতীত অন্যান্য ধারাসমূহ ১লা জুলাই, ১৯৯১ ইং মোতাবেক ১৬ই আষাঢ়, ১৩৯৮ বাং তারিখে বলবৎ হইবে।

<sup>১</sup>। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭(১) বলে “প্রয়োগ” শব্দ ও কমা বিলুপ্ত।